

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পদ্মা পানি শোধনাগার

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৭১.০৪১.২৪ নথির বিষয়: পদ্মা পানি শোধনাগার-এর অধীনে "Construction of property wall for preservation of acquired land at WTP compound (Lot-4)." শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: পদ্মা পানি শোধনাগার-এর অধীনে "Construction of property wall for preservation of acquired land at WTP compound (Lot-4)." শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৯/৮/২৪ ৫:২৭ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার পদ্মা পানি শোধনাগার-এর ফেজ-১ সংরক্ষিত রাখার জন্য প্লান্টের বাইরের প্রান্তে সীমানা দেওয়াল এবং অধিগ্রহণকৃত ভূমির সীমানা বরাবর আরসিসি কলাম ও এমএস গ্রিল সহকারে প্রপার্টি ওয়াল নির্মাণ করা হয়। উল্লেখ্য, উক্ত দুইটি ওয়ালের মাঝখানে প্রায় ৬০'-০" প্রশস্ত খালি জায়গা রয়েছে। আলোচ্য জায়গার স্যাটেলাইট ইমেজ ও উভয় দেওয়ালের অবস্থান নক্সা সংযুক্ত করা হল (ক্রমিক নং-১ ও ২ দ্রষ্টব্য)। কিন্তু নির্মাণের অব্যবহিত পরেই সম্পূর্ণ প্রপার্টি দেওয়ালের গ্রিল কে বা কাহারা চুরি করে নিয়ে যায়। ফলে উক্ত প্রপার্টি ওয়ালের স্থানে বর্তমানে ভাঙ্গাচোরা পিলার ছাড়া কিছুই অবশিষ্ট নেই। এই সুযোগে আশেপাশের লোকজন খালি জায়গা অবাধে চলাফেরা, ড্রেজিং পাইপলাইন নির্মাণ, গরু-ছাগল চরানো, খড়ের গাদা নির্মাণসহ নানান কাজে ব্যবহার করছে; সাইটের বর্তমান অবস্থার স্থিরচিত্র সংযুক্ত করা হল (ক্রমিক নং-৩ দ্রষ্টব্য)। সম্প্রতি বিশ্বস্ত সূত্র মারফত জানা যায় যে, স্থানীয় চেয়ারম্যানের উদ্যোগে উক্ত জায়গায় দামলা পর্যন্ত ঢাকা ওয়াসা রোডের সাথে সংযোগ সড়ক নির্মাণের পরিকল্পনা করা হচ্ছে। বর্ণিত দুইটি দেওয়ালের মাঝখানে ঢাকা ওয়াসার অধিগ্রহণকৃত বিপুল পরিমাণ খালি জায়গা রয়েছে; যা প্রস্তাবিত সোলার পাওয়ার প্লান্টের জন্য নির্ধারিত। এই জায়গা বেদখল হয়ে গেলে উক্ত সোলার পাওয়ার প্লান্ট নির্মাণে ভূমির সমস্যার পাশাপাশি কর্তৃপক্ষের আর্থিক ক্ষতি এবং কেপিআই স্থাপনাটির নিরাপত্তা মারাত্মকভাবে বিঘ্নিত হবে। সার্বিক দিক বিবেচনায় উক্ত ভগ্ন প্রপার্টি ওয়ালের স্থানে একটি স্থায়ী প্রপার্টি ওয়াল নির্মাণ করা অত্যাৱশ্যক। উল্লেখ্য, গত ১০/০৬/২০২১ তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত পদ্মা পানি শোধনাগার-এর সক্ষমতা বৃদ্ধি সভায় বিষয়টি আলোচিত হয় এবং "সিদ্ধান্ত-১ঃ নিরাপত্তা ও দখলদারী রোধে বাউন্ডারি/প্রোটেকশন ওয়াল ও আর.সি.সি. ডিমারকেশন পিলার নির্মাণ করা যেতে পারে।" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় (ক্রমিক নং-৪ দ্রষ্টব্য)। সুদীর্ঘ সীমানা রেখা বরাবর ধাপে ধাপে প্রপার্টি ওয়াল নির্মাণের নিমিত্তে বিগত অর্থ বছরগুলিতে দুই লটে উত্তর-পশ্চিম কোণার ৮৮০'-০" অংশে সীমানা দেওয়াল নির্মাণ করা হয়েছে। সীমানারেখার অবশিষ্টাংশের সুরক্ষার জন্য ৪র্থ লটে ৪৪০'-০" অংশে সীমানা দেওয়াল নির্মাণের নিমিত্তে অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় "Construction of property wall for preservation of acquired land at WTP compound (Lot-4)" শীর্ষক কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে।

সংযুক্তিসমূহ (৮):

১। ১. Property Wall এর স্যাটেলাইট ছবি.png

২। ২. Wall Location.pdf

৩। ৩. Property Wall এর স্থিরচিত্র.pdf

৪। ৪। গত ১০.০৬.২০২১ তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত অনলাইন (জুম) সভার কার্যবিবরণী.pdf

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

৭ ৭। BOQ of Property wall (L-4).pdf

৮ ৮। ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার অনুলিপি.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৯/৮/২৪ ৫:২৭ অপরাহ্ন

প্রস্তাবিত প্রপার্টি ওয়ালের জন্য পি অ্যান্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ কর্তৃক সরেজমিন সাইট পরিদর্শন করে একটি নির্মাণ নক্সা প্রণয়ন করা হয়; যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে (ক্রমিক নং-৫ দ্রষ্টব্য)। অনুমোদিত নক্সার পরিমাপ অনুযায়ী প্রাপ্ত পরিমাণ এবং পিডব্লিউডি রোট সিডিউল-২০২২ (সংশোধিত) এর দরের আলোকে কাজটির একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে (ক্রমিক নং-৬ ও ৭ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয় ৮.৩৮,৪৮,১৬০.০৪৯ (টাকা আটত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার একশত ষাট দশমিক শূন্য চার নয় মাত্র)। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় (ক্রমিক নং-১৩২; প্যাকেজ নং APP/24-25/W/7) রাজস্ব বাজেটের Boundary Wall খাতের বরাদ্দ হতে নির্বাহ করে পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-৮ দ্রষ্টব্য)।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৯/৮/২৪ ৫:২৭ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে পদ্মা পানি শোধনাগার-এর নিরাপত্তা ও অধিগ্রহণকৃত ভূমি সংরক্ষণের নিমিত্তে Construction of property wall for preservation of acquired land at WTP compound (Lot-4) কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:

ক) কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।

খ) কাজটির জন্য প্রাক্কলিত ৮.৩৮,৪৮,১৬০.০৪৯ (টাকা আটত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার একশত ষাট দশমিক শূন্য চার নয় মাত্র) টাকা ব্যয়ের আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয় অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দে Boundary Wall খাত হতে অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী (ক্রমিক নং ১৩২; প্যাকেজ নং APP/24-25/W/7) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী এই ব্যয় অনুমোদন ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক (ও অ্যান্ড এম) মহোদয়ের এখতিয়ারভুক্ত।



১৯/৮/২৪ ৫:২৮ অপরাহ্ন
মিল্টন তঞ্চঙ্গ্যা
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



১৯/৮/২৪ ৫:৩২ অপরাহ্ন
মোহাম্মদ সোহেল রানা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পদ্মা পানি শোধনাগার



২০/৮/২৪ ১২:০৭ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

২০/৮/২৪ ১২:০৭ অপরাহ্ন
মিজান মোল্লাহ কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২১/৮/২৪ ৫:৩০ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2






নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

ঢাকা ওয়াসা

 ২১/৮/২৪ ৫:৩১ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	 ২১/৮/২৪ ৮:৩৯ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ২১/৮/২৪ ৮:৫৯ অপরাহ্ন এ. কে. এম. সহিদ উদ্দিন ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর
--	--	---

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ২১/৮/২৪ ১১:৩৩ অপরাহ্ন

Ok.

 ২১/৮/২৪ ১১:৩৩ অপরাহ্ন এ. কে. এম. সহিদ উদ্দিন ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর	 ২২/৮/২৪ ১:০১ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ২৩/৮/২৪ ৮:২২ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
 ২৩/৮/২৪ ৯:০৯ পূর্বাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	 ২৮/৮/২৪ ১০:১৭ পূর্বাহ্ন মাহমুদ রিয়াদ উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) পদ্মা পানি শোধনাগার	 ৭/৯/২৪ ২:৫৫ অপরাহ্ন মিল্টন তঞ্চঙ্গ্যা উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার

অনুচ্ছেদ ১.৫ - তারিখ: ২৩/৮/২৪ ৯:০৮ পূর্বাহ্ন

e-GP তে দরপত্র আহবানের ব্যবস্থা নিন।

 ২৩/৮/২৪ ৯:০৯ পূর্বাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	 ২৮/৮/২৪ ১০:১৭ পূর্বাহ্ন মাহমুদ রিয়াদ উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) পদ্মা পানি শোধনাগার	 ৭/৯/২৪ ২:৫৫ অপরাহ্ন মিল্টন তঞ্চঙ্গ্যা উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার
---	---	--

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা